# সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)-এর ইতঃপূর্বে বাস্তবায়িত উল্লেখযোগ্য উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকরণ বিষয়ক ২য় ত্রৈমাসিক প্রতিবেদন (অক্টোবর'২০২৪-ডিসেম্বর'২০২৪)

দাপ্তরিক কাজে গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) সর্বদা সচেষ্ট। এরই ধারাবাহিকতায় এসজিসিএল-এর নানবিধ কার্যক্রম চলমান রয়েছে এবং বর্ণিত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার মাধ্যমে দাপ্তরিক এবং নাগরিক সেবা প্রদান করা হচ্ছে। উল্লেখ্য যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত প্রতি অর্থবছর ভিত্তিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার পরিপ্রেক্ষিতে এসজিসিএল এ বিভিন্ন সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।

২। এসজিসিএল-এর ২০২৪-২৫ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক [২.১.১] অনুসারে ইতঃপূর্বে যে সকল উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজ করা হয়েছে, সে সকল সেবার তালিকা, বর্তমানে কার্যকর আছে কিনা এবং সহজিকরণ/ডিজিটাইজেশন/উদ্ভাবনের ফলে নাগরিকবৃন্দ/সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত সুফল পাচ্ছে কিনা- এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রদত্ত ছক অনুযায়ী এতদসংক্রান্ত একটি ডাটাবেজ প্রণয়ন করা হয়েছে (সংযুক্তি-১)। উক্ত ডাটাবেজে বর্ণিত ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম নিম্নরূপ:

**২০২৩-২০২৪ অর্থবছরঃ**

ক) ইভিসি মিটার যুক্ত গ্রাহকের গ্যাস ভোগ অনলাইন মনিটরিং

**২০২২-২০২৩ অর্থবছরঃ**

ক) অনলাইন সিপি সিস্টেম কন্ট্রোল এন্ড মনিটরিং

**২০২১-২০২২ অর্থবছরঃ**

খ) ওয়েব বেসড সিস্টেমে গ্যাস সংযোগ (শিল্প ও ক্যাপ্টিভ) আবেদন গ্রহণ

গ) ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম

**২০২০-২০২১ অর্থবছরঃ**

ঘ) এসজিসিএল-এর বিদ্যমান সঞ্চালন ও বিতরণ পাইপলাইন এর ডিজিটাল ম্যাপ প্রস্তুত করণ

**২০১৯-২০২০ অর্থবছরঃ**

ঙ) বায়োমেট্রিক হাজিরা পদ্ধতি চালুকরণ

চ) কোম্পানির প্রধান কার্যালয়ের সকল ফ্লোরে ওয়াইফাই সুবিধা চালুকরণ

**২০১৮-২০১৯ অর্থবছরঃ**

ছ) ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তরে Access Control system স্থাপন

জ) ই-নথির মাধ্যমে সকল প্রকার ছুটি (নৈমিত্তিক, অর্জিত, এল. এফ. এ. সহ অর্জিত ছুটি, ঐচ্ছিক, বৈদেশিক) আবেদন গ্রহণ, ভ্রমণ আদেশ ও বিল এবং যানবাহন অধিজাচন প্রক্রিয়াকরণ ও অনুমোদন।

৩। বর্ণিত সেবা/আইডিয়াসমূহ বর্তমানে কার্যকর রয়েছে এবং সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে মর্মে প্রতিয়মান হচ্ছে।

২০/১২/২০২৪
কমল চন্দ্র রায়
সহকারী প্রকৌশলী (এমপিপিসি)

২৯/১২/২০২৪
মোঃ মানিক উদ্দিন
সহকারী প্রকৌশলী (আইসিটি)

২৯/১২/২০২৪
প্রকৌঃ মোঃ আল আমিন
উপব্যবস্থাপক (অপারেশন)

২৯.১২.২০২৪
মোহাম্মদ মেহেদী হাসান
ব্যবস্থাপক (জেনারেল এডমিন)

২৯.১২.২০২৪
মোঃ হাফিজুর রহমান
ব্যবস্থাপক (জেনারেল সার্ভিস)

স্বপন কুমার বিশ্বাস
উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও রাজস্ব)

২৯/১২/২০২৪
প্রকৌ. তোফায়েল আহমেদ
মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন)

## সংস্থা/কোম্পানির নামঃ সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)

**বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ। ২য় ত্রৈমাসিক (অক্টোবর'২০২৪- ডিসেম্বর'২০২৪)**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| অর্থবছরঃ ২০২৩-২০২৪ | | | | | | |
| ক্রমিক নং | ইতঃ পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি | ক্রমিক নং | ইতঃ পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ |
| ০১ | ইভিসি মিটার যুক্ত গ্রাহকের গ্যাস ভোগ অনলাইন মনিটরিং | ইভিসি মিটারযুক্ত গ্রাহকের মিটার পাঠ গ্রহণ করার জন্য সরেজমিনে গমনের প্রয়োজন হয়। মিটার পাঠ অসামঞ্জস্যপূর্ণ হলে বা মিটার ত্রুটিপূর্ণ দেখা গেলে বিল প্রণয়নের ক্ষেত্রে প্রকৃত বিলের পরিবর্তে গড় বিল প্রণয়ন করা হয় বিধায় গ্রাহক/সরকার ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকে। অনলাইন মনিটরিং এর মাধ্যমে গ্রাহকের অনলাইন মনিটরিং এর আওতায় নিয়ে আসলে গ্রাহকের মিটারে ত্রুটি পরিলক্ষিত হলে ০১-০২ দিনের মধ্যেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সমাধান করা হবে। গ্যাস বিল প্রণয়নের ক্ষেত্রে গড় বিল প্রণয়ন করতে হবে না। অনলাইনে প্রতি ৫ মিনিট পর পর গ্যাস ভোগ দেখা যাবেন এবং ইভিসি মিটারের ডাটা মাসিক/দৈনিক ভিত্তিতে দেখা যাবে। প্রধান কার্যালয়ে একটি ডিসপ্লে এবং স্মার্ট ক্যামেরার মাধ্যমে রিয়েল টাইম ডাটা দেখানোর ব্যবস্থা রয়েছে। একটি শিল্প ও একটি ক্যাপটিভ পাওয়ার গ্রাহকের ক্ষেত্রে উক্ত আইডিয়া বাস্তবায়ন করা হয়েছে। ভবিষ্যতে এসজিসিএল-এর আওতাধীন বিদ্যুৎ গ্রাহকসহ অন্যান্য শিল্প গ্রাহককে পর্যায়ক্রমে এই মনিটরিং-এর আওতায় নিয়ে আসা হবে। | হ্যাঁ | হ্যাঁ | https://sgcldigitalmaps.com/# | |

# সংস্থা/কোম্পানির নামঃ সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| অর্থবছরঃ ২০২২-২০২৩ | | | | | | |
| ক্রমিক নং | ইতঃ পুর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহিতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০১ | অনলাইন সিপি সিস্টেম কন্ট্রোল এন্ড মনিটরিং | বিদ্যমান সেবার আওতায় প্রতি মাসে ৪ টি সিপি স্টেশনের PSP রিডিং গ্রহণ এবং প্রয়োজনে ভোল্টেজ পরিবর্তনের জন্য সরেজমিনে ভিজিট করতে হয়। সহজিকৃত পদ্ধতিতে সরেজমিনে ভিজিট না করে অনলাইনে সিপি স্টেশনের PSP রিডিং গ্রহণ এবং প্রয়োজনে ভোল্টেজ পরিবর্তন করা হয়ে থাকে। তবে সিপি স্টেশনের নিজস্ব ইকুইপমেন্ট বিকল হলে সরেজমিনে পরিদর্শন করে তা মেরামত করা হয়। | হ্যাঁ | হ্যাঁ | https://sgcldigitalmaps.com/#/epsystemmap | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| অর্থবছরঃ ২০২১-২০২২ | | | | | | |
| ক্রমিক নং | ইতঃপুর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহিতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০১ | ওয়েব বেসড সিস্টেম গ্যাস সংযোগ (শিল্প ও ক্যাপ্টিভ) আবেদন গ্রহণ | এসজিসিএল-এর শিল্প ও ক্যাপ্টিভ গ্রাহকগণ ঘরে বসেই অনলাইনে পরিকল্পিত শিল্প এলাকায় গ্যাস সংযোগের জন্য আবেদন করতে পারবেন। এক্ষেত্রে সময়, খরচ ও ভিজিট সাশ্রয় হবে। অনলাইনে প্রয়োজনীয় কাগজ পত্র জমা দিতে পারবেন। অনলাইনে আবেদনকারীর ড্যাশবোর্ড থেকে আবেদনের বর্তমান অবস্থা দেখতে পারবেন। তথ্য আদান-প্রদান করতে পারবেন। | হ্যাঁ | হ্যাঁ | https://onlineapplication.sgcl.org.bd | |

## সংস্থা/কোম্পানির নামঃ সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০২ | ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম | এসজিসিএল-এর জেনারেল স্টোর এবং টেকনিক্যাল স্টোরের যাবতীয় ব্যবস্থাপনা ডিজিটাইজ/সহজিকরণের নিমিত্ত ইনভেন্টরি সফটওয়্যার বাস্তবায়ন করা হয়েছে। জেনারেল স্টোরের যাবতীয় মনিহারী মালামালের তথ্য উক্ত সফটওয়্যারে অন্তর্ভুক্ত করা হয়েছে, মাসিক রিপোর্ট/বাৎসরিক স্টক রিপোর্ট তৈরি করা যায়, কোন দপ্তরে একটি অর্থ বছরে কি পরিমাণ মালামাল সরবরাহ করা হয়েছে তা দেখা যায়। অপরদিকে টেকনিক্যাল স্টোরে কোম্পানির যাবতীয় টেকনিক্যাল মালামালের তথ্য অন্তর্ভুক্ত করা হয়েছে। যেখান থেকে মালামাল বিতরণ ব্যবস্থাপনা সহজিকরণ করা হয়েছে। | হ্যাঁ | হ্যাঁ | https://sgcl-inventory.com | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| অর্থবছরঃ ২০২০-২০২১ | | | | | | |
| **ক্রমিক নং** | **ইতঃ পুর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম** | **সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ** | **সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ** | **সেবা গ্রহিতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না** | **সেবার লিংক** | **মন্তব্য** |
| ০১ | এসজিসিএল-এর বিদ্যমান সঞ্চালন ও বিতরণ পাইপলাইন এর ডিজিটাল ম্যাপ প্রস্তুত করণ | পাইপলাইনের সঠিক পথ সত্ব নির্ধারণ এবং অবৈধ স্থাপনা চিহ্নিত করা। পাইপলাইনের বিভিন্ন স্থাপনা সমূহ গুগল ম্যাপে চিহ্নিত রাখা। পাইপলাইনের ভাল্ব পিট সমূহ চিহ্নিত করা। জরুরী অপারেশন কাজ পরিচালনার জন্য পাইপলাইনের ব্যাস, দৈর্ঘ্য এবং গভীরতার পাশাপাশি একাধিক লাইন চিহ্নিত রাখা।এক নজরে ট্রান্সমিশন ও বিতরণ নেটওয়ার্কের পর্যবেক্ষণ এবং লে আউট সম্পর্কে ধারণা পাওয়া। | হ্যাঁ | হ্যাঁ | https://sgcldigitalmaps.com | |

# সংস্থা/কোম্পানির নামঃ সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| অর্থবছরঃ ২০১৯-২০২০ | | | | | | |
| ক্রমিক নং | ইতঃ পুর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহিতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০১ | ১) বায়োমেট্রিক হাজিরা পদ্ধতি চালুকরণ | ১) বায়োমেট্রিক হাজিরা গ্রহণ মেশিন স্থাপন করা হয়েছে। ফলে কর্মকর্তা- কর্মচারীগণ অফিসে আগমন ও প্রস্থানের সময়ে আঙ্গুলের ছাপ প্রদানের ফলে স্বয়ংক্রিয় পদ্ধতিতে হাজিরা প্রতিবেদন প্রণীত হবে। | হ্যাঁ | হ্যাঁ | প্রযোজ্য নয়। | |
| | ২) কোম্পানির প্রধান কার্যালয়ের সকল ফ্লোরে ওয়াইফাই সুবিধা চালুকরণ | দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীগণ ল্যাপটপ/স্মার্টফোনে তারবিহীন ইন্টারনেট ব্যবহার করে ই-নথিসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করতে পারবে। | হ্যাঁ | হ্যাঁ | প্রযোজ্য নয়। | |

## সংস্থা/কোম্পানির নামঃ সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| অর্থবছরঃ ২০১৮-২০১৯ | | | | | | |
| ক্রমিক নং | ইতঃ পুর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহিতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০১ | ১) ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তরে Access Control system স্থাপন | ১) বায়োমেট্রিক হাজিরা গ্রহণ মেশিন স্থাপন করা হয়েছে। ফলে কর্মকর্তা- কর্মচারীগণ অফিসে আগমন ও প্রস্থানের সময়ে আঙ্গুলের ছাপ প্রদানের ফলে স্বয়ংক্রিয় পদ্ধতিতে হাজিরা প্রতিবেদন প্রণীত হবে। | হ্যাঁ | হ্যাঁ | প্রযোজ্য নয়। | |
| ০২ | ২) ই-নথির মাধ্যমে সকল প্রকার ছুটি (নৈমিত্তিক, অর্জিত, এল. এফ. এ. সহ অর্জিত ছুটি, ঐচ্ছিক, বৈদেশিক) আবেদন গ্রহণ, ভ্রমণ আদেশ ও বিল এবং যানবাহন অধিজাচন প্রক্রিয়াকরণ ও অনুমোদন। | দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীগণ ল্যাপটপ/স্মার্টফোনে তারবিহীন ইন্টারনেট ব্যবহার করে ই-নথিসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করতে পারবে। | হ্যাঁ | হ্যাঁ | প্রযোজ্য নয়। | |